

ছাত্র রাজনীতি সম্পর্কে

হাসান

২৬-০৮-২০০৫

ছাত্র রাজনীতি সম্পর্কে আমি কখনোই কোন ভাল মন্তব্য কারো কাছ থেকে শুনি নি। এই সম্পর্কে বলতে গিয়ে অনেকে পুরনো কিছু ভাল উদাহরণ দিয়ে সবশেষে এসে আমাকে বুঝিয়ে দেন-“ছাত্র রাজনীতি কোনভাবেই ভাল হতে পারে না”।

আমি জানি ছাত্র রাজনীতি কে খারাপ চোখে দেখার অনেক কারণ আছে। ছাত্র রাজনীতি যারা করেন তারা কোন না কোন দলের সাথে যুক্ত এবং সেই দলের প্রভাব তারা, তাদের শিক্ষা প্রতিষ্ঠানে খাটিয়ে কম-বেশী সুবিধা পেয়ে থাকেন। এছাড়া আরো নানা দিক রয়েছে। কিন্তু এটা কি ছাত্র রাজনীতি-র প্রকৃত রূপ? আমি বিশ্বাস করতে পারি না এটা ছাত্র রাজনীতির প্রকৃত রূপ কারণ আমাদের ভাষা আন্দোলন থেকে শুরু করে অনেক ক্ষেত্রে-ই এই ছাত্র রাজনীতির একটি অবদান আছে।

যারা ভাবেন নানা রকম অপকর্মের জন্য ছাত্র রাজনীতি দায়ী, এবং এটা পুরোপুরি বন্ধ করে দিলে সব অপকর্মের সমাধান হয়ে যাবে তারা ভুল ভাবছেন। ছাত্র রাজনীতি আমাদের দেশের মূল রাজনীতির সাথে যুক্ত। বলা যায় রাজনৈতিক দলগুলো ছাত্রদের ব্যবহার করে বিভিন্ন কাজ সাধন করায়। সুতরাং সমস্যা কিন্তু আমাদের মূল রাজনীতি-তে।

তাহলে যারা ছাত্র রাজনীতি করেন তারা আসলে দলের রাজনীতি করেন, সাধারণ ছাত্র-ছাত্রীদের জন্য রাজনীতি তারা করেন না।

আমি প্রথম সারির একটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ছাত্র। গত কয়েক দিন আগে আমি জানতে পারলাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের সেমিষ্টার ফি বাড়িয়ে দিয়েছেন। সিডি দিয়ে উপরে উঠার সময় দেখতে পেলাম সিনিয়র এক আপু এই সিদ্ধান্তের প্রতিবাদে সবার স্বাক্ষর সংগ্রহ করছেন। আমার কাছে মনে হল আমাদের যদি একটি ছাত্র-সংগঠন থাকত তাহলে হয়তো আমরা সবাই তার মাধ্যমে আমাদের আর্জি কর্তৃপক্ষের কাছে পেশ করতে পারতাম। কর্তৃপক্ষ হয়তো একজন, দুজনের এই দাবী কলমের খোঁচায় নাকচ করে দিতে পারেন কিন্তু সংগঠিত একটি দাবী কে নাকচ করা হয়তো এতো সহজ নয়। কিন্তু সেরকম সত্যিকারের কোন ছাত্র-সংগঠন আমাদের বিশ্ববিদ্যালয়ে নেই, হবে এরকম সম্ভবনা শূন্য, কারণ কর্তৃপক্ষ কখনোই এরকম সংগঠন করার অনুমতি দিবেন না-যদি ছাত্র রাজনীতি শুরু হয়ে যায়।

তাহলে রাজনৈতিক পৃষ্ঠপোষকতা কি ছাত্র রাজনীতির মূল সমস্যা নয়? রাজনৈতিক দলগুলো যদি তাদের এই পৃষ্ঠপোষকতা ছাত্রদের উপর থেকে উঠিয়ে নেয় আমি মনে করি সাধারণ ছাত্র-সংগঠন হিসেবে সত্যিকারের ছাত্র রাজনীতির সফল আমরা পাব। একজন ছাত্র বা ছাত্রী-র কাছের রাজনৈতিক যে কোন ব্যক্তিত্ব অনুসরণীয় বা অনুকরণীয় হতে-ই পারেন কিন্তু তার মানে নিশ্চয়-ই এই নয় যে তার আদর্শের নামে কোন দলের রাজনীতি করে একটি শিক্ষা প্রতিষ্ঠানে বিশৃঙ্খলা সৃষ্টি করতে হবে।

তারপর ও আমি সেইসব মানুষের সাথে থাকতে চাই যারা ছাত্র রাজনীতির খারাপ দিকটির জন্য তাদের প্রিয় জনকে হারিয়েছেন।কেউ আমাকে বলে দেয় নি,কিন্তু আমি জানি বুয়েটের সনির বাবা অথবা মার কাছে যদি জিজ্ঞেস করা হয় ছাত্র রাজনীতি বন্ধ করা উচিত কি না তারা সোজাসুজি হ্যাঁ বলবেন।কারণ তারা জানেন তারা কি হারিয়েছেন।

এখন আমাদের দেশের ২টি প্রধান দল কি রাজি হবে তাদের ছাত্র-সংগঠনগুলো থেকে পৃষ্ঠপোষকতা উঠিয়ে নিতে? আমাদের ২ নেত্রী বিভিন্ন সময় একজন আর এক জনকে প্রস্তাব দিয়েছেন ছাত্র রাজনীতি নিয়ে।কেউ কখনো সত্যিকার অর্থে এগিয়ে আসেন নি। বুয়েটের একজন ছাত্রী নিহত হয়েছেন,পাল্টাপাল্টি হামলায় মারা গেছেন অনেকে তবুও আমাদের ২ নেত্রী সমস্যাটা বুঝে উঠতে পারেন নি।

তারা কি আসলেই সমস্যাটা বুঝতে চান? আমার মনে হয় না।।আমাদের ছাত্র-ছাত্রীদের নিয়ে যে নেতারা ছাত্র-রাজনীতির নামে নোংরা খেলা খেলেন তাদেরকে আমার একটি খুব সহজ একটি প্রশ্ন করতে ইচ্ছা করে-**আপনাদের কয়জন সন্তান বাংলাদেশে থেকে শিক্ষা গ্রহণ করছে দয়া করে বলবেন কী?**

massnoon.hasan@gmail.com